071006 - Helping your child to become bilingual - Bengali

আপনার সন্তানকে দ্বিভাষিক করতে সাহায্য করা সম্পর্কে আপনার যদি আর কোন প্রশ্ন থাকে, দয়া করে আপনার স্কুলের ই.এ.এল টিচারের সাথে কথা বলবেন।

রেফারেন্স

A Parents' and Teachers' Guide to Bilingualism
Baker, Colin, 1995

Learning in 2+ Languages
Learning and Teaching Scotland, 2005

Languages for Life: Bilingual Pupils 5-14
SCCC, 1994

আপনার সন্তানকে দ্বিভাষিক হতে সাহায্য করা

Helping Your Child to Become Bilingual



City of Edinburgh EAL Service 2007

আমার সন্তানকে আমি উভয় ভাষা পড়তে ও লিখতে সাহায্য করতে পারি কিভাবে?

পড়া ও লেখার কাজগুলো আকর্ষণীয় এবং আপনার সন্তানের অভিজ্ঞতার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া চাই। আপনার সন্তানের ক্লাশ টিচার বা ই.এ.এল টিচার যথোপযুক্ত বিষয়াদি ও ক্রিয়াকর্ম সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারবেন। আবার মজার জন্য পড়াও জরুরী। উভয় ভাষায় কল্পনাপ্রসূত গল্পের ব্যবহার করে এটি করা যেতে পারে। ঘরের ভাষার দক্ষতা বাড়ানোর ক্ষেত্রে কমিউনিটির ভাষার ক্লাশগুলোও ভালো উপায়।

আমাদের ঘরের ভাষা আলাদা স্ক্রিপ্ট ব্যবহার করে। এটি আমার সন্তানকে বিভ্রান্ত করবে কি?

ঘরের ভাষায় পড়তে ও লিখতে শেখা ইংরেজীতে পড়তে ও লিখতে শেখায় সাহায্য করে। শিশুরা দু'টো সম্পূর্ণ আলাদা স্ক্রিপ্টে সফলভাবে লিখতে শিখতে পারে।

আমার সন্তানের তার ঘরের ভাষায় পড়া/ লেখা/বানান করার ক্ষেত্রে সমস্যা রয়েছে। ইংরেজীতেও তাদের একই সমস্যা থাকবে কি?

শিক্ষণ বিষয়ক কিছু সমস্যা এক ভাষা থেকে অন্য ভাষায় বদলি হয়। আপনি আপনার সন্তানের স্কুল ও ই.এ.এল টিচারকে যত বেশী তথ্য দিতে পারবেন, তারা আপনার নির্দিষ্ট প্রশ্নের তত বেশী জবাব দিতে ও যথোপযুক্ত সহায়তা প্রদান করতে পারবেন।

আমার সন্তানের দ্বিভাষিক হওয়া তার স্কুলের ফলাফলের উপর প্রভাব ফেলবে কি?

ইংরেজী শেখার প্রাথমিক ধাপগুলোতে, আপনার সন্তান তার ঘরের ভাষায় যে মান অর্জন করার কথা তা অর্জনে অধিক সময় নিতে পারে। তবে, সময়ের সাথে এবং প্রেষণা ও সহায়তায়, তারা সফলতা অর্জন করতে পারবে। বাস্তবে, জাতীয় পরীক্ষায় কিছু দ্বিভাষিক ছাত্র/ছাত্রী এককভাষীর চেয়ে ভালো ফলাফল করে।

দ্বিভাষিক লোকজন পৃথিবী অনুধাবন করে কিভাবে? [১]

জেইন এর হলদে-বর্ণ লেন্সের এক জোড়া চশমা আছে। তার কাছে, পৃথিবী দেখতে কেবল হলদেই মনে হয়।



ইমরান এর দুই জোড়া চশমা আছে। একটিতে রয়েছে হলুদ-বর্ণের লেন্স। সে যখন এগুলো ব্যবহার করে, পৃথিবী তখন হলুদ দেখায়। অন্য জোড়ায় রয়েছে নীল-বর্ণের লেন্স। সে যখন এগুলো ব্যবহার করে, পৃথিবী তখন নীল দেখায়। পৃথিবী দেখার ক্ষেত্রে তার পছন্দের সুযোগ আছে - হলুদ- বা নীল-বর্ণের লেন্স দিয়ে। সে আলাদা আলাদা শেড ও টোন যা আলাদা লেন্স থেকে পাওয়া যায় তার মাধ্যমে পৃথিবী সম্পর্কে তার অনুভূতির তুলনা করতে পারে। কখন কোন্ লেন্সটি ব্যবহার করবে সে বিষয়ে সে সিদ্ধান্ত নিতে পারে, এবং অন্য হলুদ-বর্ণের চশমা ব্যবহারকারীদের সাথে পৃথিবী সম্পর্কে তার অনুভূতি বিনিময় করতে পারে, অথবা অন্য যারা নীল বা অন্য বর্ণের লেন্স ব্যবহার করে তাদের সাথে অনুভূতির তুলনা করতে পারে।



এই ছাড়াও একই সময়ে সে হলুদ ও নীল লেন্স পরতে পারে এবং রংগুলোর সবুজে রূপান্তরের অভিজ্ঞতা অর্জন করতে পারে, তবে বুঝতে পারে - যা জেইন পারে না - পৃথিবী হলুদ বা নীল বা সবুজ নয়, তবে পৃথিবী সম্পর্কে অনুভূতি যে যে রং দিয়ে দেখে তার উপর নির্ভর করে। এই ছাড়াও, ইমরাণ তার কালিওডস্কোপিক-পৃথিবী জেন এর সাথে শেয়ার করতে পারে, যে তার বাস্তবতার হলুদ-বর্ণের ছবির মধ্যে সীমাবদ্ধ রয়েছে।

[1] Taken from *Learning in 2+ Languages*, Learning and Teaching Scotland 2005 originally in *Languages for Life: Bilingual Pupils 5-14*, SCCC 1994

ঘরের ভাষার উন্নতি অব্যাহত রাখা জরুরী কেন?

সামাজিক ইংরেজী শিখতে দুই বছর অবদি লাগতে পারে। তবে, শিক্ষার জন্য ইংরেজী ভাষার দক্ষতা পুরোপুরি অর্জনে দশ বছর সময় লাগতে পারে। আপনার সন্তানের প্রথম ভাষা 'অতিরিক্ত ভাষা ও নতুন ধারনা শেখার সবচেয়ে ভালো ভিত্তি প্রদান করে'। আপনার সন্তানের ঘরের ভাষার অব্যাহত শিক্ষা তাকে ধারনা ও যুক্তি শিখতে সক্ষম করবে, তার ইংরেজী ভাষা শিক্ষণ থেকে আলাদা করেও।

আমাদের ঘরের ভাষার উন্নতিতে আমি আমার সন্তানকে সাহায্য করতে পারি কিভাবে?

- আপনার ঘরের ভাষা ও ইংরেজী টেক্সট উভয়ের সমন্বয়ে (দ্বৈত ভাষার বই) বাস্তবিক ও কাল্পনিক বইপত্র পড়ে
- ঘরের ভাষার ক্লাশগুলো ও স্কুলে অংশ নিয়ে
- আপনাদের ঘরের ভাষার কমিউনিটির সাথে সামাজিক মেলামেশা করে
- আপনার ঘরের ভাষায় স্কুলের কাজ নিয়ে আলোচনা করে
- আপনার আত্মীয়স্বজনদের সাথে যোগাযোগ রেখে
- আপনার ঘরের ভাষায় রেডিও ও সিডি শুনে এবং টেলিভিশন ও ডিভিডি দেখে
- ঘরের ভাষার ওয়েবসাইট দেখে এবং ই-লার্ণিং ক্রিয়াকর্ম করার মাধ্যমে

প্রায়শঃ জিজ্ঞাস্য প্রশ্নাবলী

আমার ইংরেজী খুব ভালো নয়। আমার কি আমার সন্তানের সাথে ইংরেজীতে কথা বলা উচিত?

আপনার ঘরের ভাষায় কথা বলা অপেক্ষাকৃত ভালো, এর মাধ্যমে আপনি ভাষার একটা ভালো নমুনা উপস্থাপন করতে পারবেন। (ঘরের বাইরে আপনার সন্তানের ইংরেজী শোনা ও এর ব্যবহার করার অনেক সুযোগ থাকে)।

আমার সন্তান দু'টো ভাষা মিলিয়ে ফেলে। আমার কি করা উচিত?

একটা শিশু যখন দু'টো ভাষা একই সময়ে শেখে তখন এটা খুবই স্বাভাবিক। আপনার সন্তান ধীরে ধীরে দু'টো ভাষা আলাদা করতে শিখবে। তাদের বয়স এবং যে গতিতে তারা এটা করে তা খুব আলাদা হয়। আপনি যদি চিন্তিত হন, তাহলে ই.এ.এল টিচারের সাথে কথা বলবেন।

আমার কি দু'টো ভাষা আলাদা রাখার চেষ্টা করা উচিত, যেমন একটি ভাষা ঘরের মধ্যে এবং অন্য ভাষা ঘরের বাইরে?

অন্য ভাষা শেখার প্রাথমিক পর্যায়ে, দু'টো ভাষা আলাদা রাখা সবচেয়ে ভালো। প্রতিটি ভাষার জন্য সীমারেখা বজায় রাখা কঠিন তবে বিভ্রান্ত না হয়ে উভয় ভাষা শিখতে এটি আপনার সন্তানকে সাহায্য করবে। ধারনা লাভের জন্য আপনার ই.এ.এল টিচারকে প্রশ্ন করবেন।

আমার সন্তান যখন ঘরের ভাষা আর ব্যবহার করতে চায় না তখন আমি কি করতে পারি?

এটি শিশুদের, বিশেষ কিশোর/কিশোরীদের বেলায় সব সময় ইংরেজী ব্যবহার করতে চাওয়া স্বাভাবিক কারণ তারা তাদের বন্ধুদের সাথে মিশতে চায়। অনেক সময় ঘরের ভাষার এই অবহেলা স্বল্প সময় স্থায়ী হয়। আপনার সন্তানকে বিশেষ কোন একটি ভাষা ব্যবহারের জন্য জোর খাটানোর পরামর্শ দেয়া যায় না।

'দ্বিভাষিক' বলতে কি বোঝায়?

সারা পৃথিবীতে শিশুদের একের বেশী ভাষা ব্যবহারের মাধ্যমে বেড়ে উঠা খুব সাধারণ। আমরা 'দ্বিভাষিক' শব্দটি সে সব লোকের বেলায় ব্যবহার করি যারা তাদের দৈনন্দিন জীবনে একের বেশী ভাষা ব্যবহার করেন। এর মানে এই নয় যে একজন ব্যক্তির প্রতিটি ভাষায় সমান দক্ষতা থাকবে।

'দ্বিভাষিক' হওয়ার কি কি সুবিধা রয়েছে?

সংস্কৃতি

একের বেশী ভাষায় কথা বলা মানে একটির বেশী পৃথিবীর অভিজ্ঞতা লাভ করছেন: চিন্তা, ভাবনা ও বিশ্বাসের পৃথক পন্থা। মূল্যবোধ ও ঐতিহ্য ধরে রাখা ও সাংস্কৃতিক স্বকীয়তা বজায় রাখার জন্য ঘরের ভাষা খুব গুরুত্বপূর্ণ।

পরিবার

শিশুরা সাধারণত ঘরের ভাষাটি প্রথমে শিখে, কাজেই এর একটি বিশেষ মূল্য রয়েছে এবং আবেগ প্রকাশে সবচেয়ে বেশী প্রাকৃতিক। ঘরের ভাষাটি পরিবার ও বন্ধুবান্ধবের সম্পর্ক বজায় রাখার বেলায়ও গুরুত্বপূর্ণ।

চিন্তার ক্ষমতা

একের বেশী ভাষা শেখা ও ব্যবহার করা সৃজনশীল ভাবনা, সমস্যা-সমাধান ও ভাব প্রকাশ বৃদ্ধি করতে পারে।

ভাষা

দ্বিভাষিকতা ভাষা কিভাবে কাজ করে সে সম্পর্কে ভালো ধারনা দেয় এবং অন্য ভাষা শেখাকে সহজতর করে।

কাজের সুবিধা

অনেক কাজ ও চাকুরিতে এমন লোকের দরকার হয় যারা অন্যান্য ভাষা বলতে, পড়তে ও লিখতে পারে।